

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ৯, ২০১৯

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন প্রশাসন শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২২ আশ্বিন ১৪২৬/০৭ অক্টোবর ২০১৯

নং ১৭.০০.৮৯৯০.০৩৫.৪৬.০৭২.১২ (অংশ-১)-১০৮১—বিজ্ঞ যুগ্ম-জেলা জজ ১ম আদালত, শেরপুর ও নির্বাচনি আপিল ট্রাইব্যুনালে আপিল নং-০৩/২০১৮ এর ২২ আগস্ট ২০১৯ তারিখের আদেশে নির্বাচনি ট্রাইব্যুনালে মোকদ্দমা নং ০১/২০১৬ এর ০৭ জুন ২০১৮ তারিখের রায় ও আদেশে ৩১-০৩-২০১৬ ইং তারিখে অনুষ্ঠিত ৬ নং শ্রীবরদী সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদ নির্বাচনে ২ নং নয়ানী শ্রীবরদী সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রের নির্বাচন বাতিল, ১নং প্রতিপক্ষের নির্বাচন বাতিল এবং নালিশী কেন্দ্রের পুনঃনির্বাচনের আদেশ বহাল রাখায় শেরপুর জেলার শ্রীবরদী উপজেলার শ্রীবরদী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে নির্বাচন ট্রাইব্যুনালের আদেশ অনুযায়ী নালিশী ভোটকেন্দ্রের পুনঃনির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন এতদ্বারা গত ২৮ এপ্রিল ২০১৬ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ৬০৭১ নং পৃষ্ঠায় প্রকাশিত ১নং কলামে বর্ণিত 'শ্রীবরদী' এর বিপরীতে ২নং কলামে বর্ণিত 'মোহাম্মদ আব্দুল হালিম, পিতা- মোহাম্মদ জবেদ আলী, গ্রাম-নয়ানী শ্রীবরদী' এবং ৩নং কলামে বর্ণিত 'বাংলাদেশ আওয়ামী লীগ' ও ৫নং কলামে বর্ণিত 'চেয়ারম্যান' শব্দ ও চিহ্নসমূহ বিলুপ্ত করিলেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আতিয়ার রহমান

উপসচিব (নির্বাচন পরিচালনা-২)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২৩৪৫৯)

মূল্য : টাকা ৪.০০